দৈনিক জনকণ্ঠ

তারিখ 14 NOV 1994
পৃষ্ঠা ১২ কলাম ২

04

# সীতাকুণ্ড আলিয়া মাদ্রাসা থেকে বিপুল অস্ত্রসহ ১৩ শিবির ক্যাডার গ্রেফতার

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস॥** সীতাকুণ্ডে ছাত্রদলের মিছিলে শনিবার রাতে ছাত্র শিবিরের সশস্ত্র তান্ডবের পর পুলিশ গভীর রাতে আলিয়া মাদ্রাসা থেকে বিপুল অস্ত্রসহ ১৩ দাগী শিবির ক্যাডারকে গ্রেফতার করেছে। পুলিশ বহিরাগত ও শিবিরের এই ঘাঁটি থেকে ছাত্রদল নেতা মুসা এবং সিটি কলেজ ছাত্রলীগ নেতা আরেফিন হত্যার আসামীকেও গ্রেফতার করে। রবিবার রাত পর্যন্ত সীতাকুণ্ড বাজার সংলগ্ন এলাকায় উত্তেজনা অব্যাহত ছিল।

সীতাকুণ্ড থেকে সংবাদদাতা জানান, জাতীয়তাবাদী ছাত্রদলের প্রতিবাদ মিছিলে আলিয়া মাদ্রাসা থেকে শিবিরের হামলার পর গভীর রাতে পুলিশ শিবিরের সীতাকুণ্ড ঘাঁটি আলিয়া মাদ্রাসায় তল্লাশি শুরু করে। সীতাকুণ্ডে এটি 'স্বর্ণ মন্দির' হিসাবে খ্যাত। পুলিশ দীর্ঘক্ষণ ধরে তল্লাশি চালিয়ে দু'টি কক্ষ ও সংলগ্ন পুকুর থেকে ১৮টি দেশী বন্দুক, ৩টি কিরিচ, ৬৮টি গজারী কাঠের লাঠি ও একটি গুলির খোসা এবং বহিরাগত সহ ১৩ শিবির ক্যাডারকে পাকড়াও করে।

গ্রেফতারকৃতরা হচ্ছে শিবিরের সীতাকুণ্ড থানা শাখার প্রাক্তন সভাপতি নূরুল মোস্তফা, ছাত্রদল নেতা মুসা হত্যার এজহার ভুক্ত আসামী শওকত ইকবাল ফারুকী, সিটি কলেজ ছাত্রলীগ কর্মী আরেফিন হত্যার আসামী নিজামউদ্দীন, অপর ক্যাডাররা হচ্ছে মোশারফ হোসেন, মোঃ ইব্রাহিম, নুরুন্নবী, মোঃ ইউনুচ আলী ইসলাম, মোঃ হানিফ, হারুনর রশীদ, জহির উদ্দীন, মোস্তাফিজুর রহমান, খায়রুল ইসলাম। পুলিশ সেখান থেকে আবদুল মতিন সহ অপর দুই বহিরাগতকে আটক করলেও পড়ে ছেড়ে দেয়।

সীতাকুণ্ডে সন্ধ্যায় ছাত্রদল এবং দুপুরে শিবির আলাদা মিছিল বের করে। রাত পর্যন্ত বাজারে উত্তেজনা অব্যাহত ছিল। এদিকে গ্রেফতারকৃতদের মুক্তির দাবিতে সন্ধ্যায় চট্টগ্রাম নগরীতে শিবির মিছিল করে।